

(সংযুক্তি-০২)

সংশোধিত প্রজেক্ট নীতিমালা (২৬৩ তম একাডেমিক কমিটির সভায় অনুমোদিত)

এম.এস. ছাত্র-ছাত্রীদের প্রজেক্ট অন বাংলাদেশ (Project on Bangladesh) এর নীতি মালা:

ক. প্রজেক্ট অনুমতি প্রসঙ্গে:

০১. এম. এস কোর্সে অধ্যয়নরত (খিসিস ছাত্র-ছাত্রী ব্যতীত) সকলের জন্য প্রজেক্ট অন বাংলাদেশ (Project on Bangladesh) বাধ্যতামূলক একটি কোর্স।
০২. খিসিস সুপারভাইজার ব্যতীত অন্যান্য শিক্ষকরা প্রজেক্ট অন বাংলাদেশ (Project on Bangladesh) এর সুপারভাইজার হিসাবে থাকতে পারবেন। এ ব্যাপারে জেষ্ঠ্যতার ভিত্তিতে প্রজেক্ট অন বাংলাদেশ (Project on Bangladesh) বন্টন হবে তবে এ ক্ষেত্রে প্রজেক্ট অন বাংলাদেশ প্রত্যাখ্যান করার সুযোগ থাকবেনা। প্রযোজ্য ক্ষেত্রে কো-সুপারভাইজার নিতে পারবে।
০৩. বিভাগীয় একাডেমিক কমিটি কর্তৃক অনুমোদিত ছাত্র-ছাত্রীদের প্রজেক্ট অন বাংলাদেশ (Project on Bangladesh) এর উপর একটি সংক্ষিপ্ত প্রস্তাবনা সুপারভাইজারের অনুমোদন সাপেক্ষে বিভাগে জমা দিতে হবে যা পরীক্ষা কমিটির সভাপতি সংরক্ষন করবেন।

খ. ব্যবস্থাপনা ও পরিচালনা সংক্রান্ত:

০১. প্রজেক্ট অন বাংলাদেশ (Project on Bangladesh) অনুমোদনের পর প্রতি ১৫দিন অন্তর Progress Report নির্ধারিত ফরমে (যা অফিস/সভাপতি ফরমেট সরবরাহ করবেন) স্ব-স্ব সুপারভাইজারের অনুমোদন সাপেক্ষে পরীক্ষা কমিটির সভাপতির নিকট জমা দিতে হবে।
০২. Theory পরীক্ষা শেষ হওয়ার ০২ মাসের মধ্যে Project Report জমা দিতে হবে।
- ০৩ Project Report চূড়ান্তভাবে জমাদানের সময় Report এর প্রথমভাগে অবশ্যই সুপারভাইজারের সন্তোষজনক অনুমোদনসহ পরীক্ষা কমিটির সভাপতির নিকট জমা দিতে হবে।
০৪. সুপারভাইজারের সন্তোষজনক অনুমোদন না থাকলে উহা পরীক্ষা কমিটির সভাপতি গ্রহন করবেন না।

গ. Project Report মুদ্রন ও জমা সংক্রান্ত:

০১. প্রত্যেক ছাত্র-ছাত্রীকে সর্বমোট ০৫ কপি Project Report বাইন্ডিং করে জমা দিতে হবে। যার মধ্যে ০২ কপি পরীক্ষক, ০১ কপি সুপারভাইজার/কো-সুপারভাইজার (ছাত্র নিজ উদ্যোগে জমা দেবে) এবং ০১ কপি বিভাগীয় সেমিনারের জন্য।
০২. Project Title অবশ্যই প্রস্তাবিত Project Title এর বিষয় ভিত্তিক অনুরূপ হবে। তবে শিরোনামের সামান্য পরিবর্তন করা যেতে পারে। শিরোনামের ব্যাপক পরিবর্তন করতে চাইলে একাডেমিক কমিটির অনুমোদন প্রয়োজন হবে।
০৩. Project Report (Text এবং Appendix সহ) সর্বোচ্চ ১০০ পৃষ্ঠার মধ্যে হতে হবে।
০৪. Project Report ইংরেজী ভাষায় এবং A4 Size, Font 12 (Times New Roman) and Space 1.5 এবং Page Margin all side এ Standard Margin করতে হবে।
০৪. পরীক্ষা কমিটির দেয়া সময় সীমার মধ্যে সকল ছাত্র-ছাত্রীদেরকে সুপারভাইজারের স্বাক্ষরসহ Project Report বিভাগীয় অফিসে জমা দিতে হবে।



Muhammad Muhibbullah  
Chairman  
Dept. of Geography & Environmental Studies  
University of Chittagong  
Chittagong-4331